# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | দেশজুড়ে | 12 May, 2025

ঝিনাইদহের  কালীগঞ্জে পাট চাষী প্রশিক্ষণ- ২০২৫ অনুষ্ঠিত হয়েছে। উপজেলা পরিষদ হল রুমে সকাল ১০ টা থেকে শুরু হয়ে দিনব্যাপী চলা এ প্রশিক্ষণে উপজেলার ৭৫ জন পাট চাষী অংশগ্রহণ করেন। উক্ত পাট  চাষী প্রশিক্ষণে

উপজেলার পাট উন্নয়ন কর্মকর্তা ফারুক হোসেন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (ভূমি) শাহিন আলম, জেলা পাট উন্নয়ন কর্মকর্তা কেএম আব্দুল বাকি ও উপজেলা কৃষি কর্মকর্তা মাহাবুব আলম রনি।প্রধান অতিথির বক্তব্যে সহকারী কমিশনার (ভুমি) শাহিন আলম বলেন,বর্তমানে  সোনালী আঁশ পাটের গুরুত্ব দিন দিন কমে যাচ্ছে।পাট চাষীদের আধুনিক চাষ পদ্ধতিতে বেশি বেশি পাট উৎপাদন করতে হবে।তাহলে পাট উৎপাদনে বাংলাদেশের হারানো গৌরব ফিরে আসবে এবং দেশের অর্থনীতি সমৃদ্ধ হবে বলে আমি মনে করি।

ঝিনাইদহ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 23:20

URL: https://timestodaybd.com/across-the-country/3113742368